

মৃত্যুজয়ী হিয়া বোঝে জীবনের ভুল ।

শ্রীষষ্ঠীচরণ চট্টোপাধ্যায় ।

প্রথম বর্ষ—বিজ্ঞান 'ক' ।

যবে আসে জীবনের ঘূর্ণাবর্ত তবে,
কোথা দূরে স'রে যায় বন্ধুজন সবে ।
অভিশপ্ত হিয়া সনে কেহ নাহি চায়,
এক সূত্রে বাঁধিবারে আপন হিয়ায় ।

কোথা তবে কর্ণধার, কোথায় ক্ষেপনি,
জলমগ্ন হয়ে আসে ভাঙ্গা সে তরণী ।
কেহ নাহি শোনে তার ব্যাকুল বেদনা,
ব্যর্থ তার হয় যত আকুল কামনা ।

তবে শুধু ভাগ্যসনে চলে যোঝাযুঝি,
মরিয়ান্ হয়ে প্রাণ ফিরে কূল খুঁজি ।
যত আসে বিপদের জটিল বাঁধনি,
তত সেথা করে প্রাণ অসাম্য দাধনি ।
রহে সেথা ছুটি দিক মৃত্যু কিম্বা কূল,
মৃত্যুজয়ী হিয়া বোঝে জীবনের ভুল ।
